# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার ঢাকা

পত্র সংখ্যা ও রেজি/প্রশাসন-২/১৩৭২(২) তারিখঃ ২৪-০৮-২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নেবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | **রিপোর্টার**<br>জনসংযোগ অফিস<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ২২,০০০-৫৩,০৬০/-<br>পদসংখ্যা: ১টি | ক) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ ও জার্নালিজম/জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সাংবাদিকতা/প্রিন্টিং-পাবলিকেশন্স কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ২। | **উচ্চমান সহকারী**<br>রসায়ন বিভাগ<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ১১,০০০-২৬,৫৯০/-<br>পদসংখ্যা: ১টি | ক) স্নাতকোত্তর পাশ এবং নিম্নমান সহকারী/নিম্নমান সহকারী-কাম-রেকর্ডকীপার/সমমানের পদে কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) স্নাতক পাশ এবং নিম্নমান সহকারী/নিম্নমান সহকারী-কাম-রেকর্ডকীপার/সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ৩। | **টেলিফোন অপারেটর**<br>**রেজিস্ট্রার অফিস (টেলিফোন শাখা)**<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রমঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>পদসংখ্যা: ১টি | ক) স্নাতক পাশ ও ট্রেড সার্টিফিকেটসহ জুনিয়র টেলিফোন অপারেটর/সমমানের পদে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) এইচএসসি বা সমমান পাশ ও ট্রেড সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ৪। | **অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিস্ট**<br>**মোট পদসংখ্যা: ৫টি**<br>(১) উপাচার্য অফিস-১টি<br>(২) আইন অনুষদ-১টি<br>(৩) পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস-১টি<br>(৪) রেজিস্ট্রার অফিস-১টি<br>(৫) মীর মশাররফ হোসেন হল-১টি<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/-<br>(আবেদনকারীদের অফিস অনুযায়ী পৃথক পৃথকভাবে আবেদন করতে হবে) | ক) স্নাতক পাশসহ কম্পিউটারে বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে কাজ করার সন্তোষজনক অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/ তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) এইচএসসি বা সমমান পাশসহ কম্পিউটারে বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে কাজ করার ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ৫। | **মেস স্টুয়ার্ড**<br>**মোট পদসংখ্যা: ৩টি**<br>(১) শেখ হাসিনা হল-১টি<br>(২) আ ফ ম কামালউদ্দিন হল-১টি<br>৩) মীর মশাররফ হোসেন হল-১টি<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/-<br>(আবেদনকারীদের অফিস অনুযায়ী পৃথক পৃথকভাবে আবেদন করতে হবে) | ক) স্নাতক পাশ হতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫ এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) এইচএসসি বা সমমান পাশসহ মেসের কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |

৬। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।

৭। উপরোক্ত ১ ক্রমিকের পদের জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেটের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার উপর ইস্যুকৃত ৬০০/-(ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৬০০/-(ছয়শত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ এবং ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ ১০ (দশ) কপি দরখাস্ত আগামী ১৪-০৯-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর পৌঁছাতে হবে। রেজিস্ট্রার বরাবর ৬/-(ছয়) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজের নাম, ঠিকানা লিখিত ১০´´X৪´´ সাইজের খাম পাঠিয়ে আবেদন ফরম (অফিস বন্ধের দিন ব্যতীত অন্যান্য দিন অফিস চলাকালীন সময় সকাল ৮:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত) রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.juniv.edu থেকেও ফরম ডাউনলোড করে আবেদন করা যাবে।

৮। উপরোক্ত ২-৫ ক্রমিকের পদসমূহের জন্য প্রার্থীর সাদা কাগজে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্র নাম্বার, মোবাইল নাম্বার, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদির বিবরণ এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার উপর ইস্যুকৃত ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৩০০/- (তিনশত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ ও ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ ৭ (সাত) কপি দরখাস্ত আগামী ১৪-০৯-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর পৌঁছাতে হবে।

৯। চাকরিরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১০। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**স্বাক্ষর/- রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)**

সিটি- ১৮১০/২২(১০´´X৩)